

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

গোপনীয়

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৭(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/

তারিখ : ২১.০১.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ নুরুল আকতার, সহকারী মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত), ক্রেডিট বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ইতোপূর্বে খাগড়াছড়ি অঞ্চলাধীন বিকেবি, খাগড়াছড়ি শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের জন্য শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর-০৪/১৭-১৮ রুজুপূর্বক অত্র বিভাগের বিগত ২৭-০৭-২০১৭ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৭/২০১৭-২০১৮/২১৩ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ নুরুল আকতার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধে দোষী সাবস্ত করিয়া আপনাকে লঘু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষেপে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(ক)(ই) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ নুরুল আকতার আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৬,০৫০/- (ছয় হাজার পঞ্চাশ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, খাগড়াছড়ি শাখার পুনঃভরন না পাওয়া সংশ্লিষ্ট সঞ্চয়পত্রের বিপরীতে সমন্বয় করিবার জন্য আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-


জনাব মোঃ নুরুল আকতার (এন-১২৯৬)
সহকারী মহাব্যবস্থাপক (অবসরপ্রাপ্ত)
ক্রেডিট বিভাগ-২
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৪৩৭(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/ ২২৩৫(২০)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

তারিখ : ২১.০১.২০১৯ খ্রিঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ-২/ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। উপ-মহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। এতদসঙ্গে প্রেরিত মূল ঘোষণাটি জনাব মোঃ নুরুল আকতার এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল এবং ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪/কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায় মোতাবেক জনাব মোঃ নুরুল আকতার এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৬,০৫০/- (ছয় হাজার পঞ্চাশ) টাকা এককালীন কর্তন করিয়া বিকেবি, খাগড়াছড়ি শাখার পুনঃভরন না পাওয়া সংশ্লিষ্ট সঞ্চয়পত্রের বিপরীতে সমন্বয় করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ✓ ১০। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, আঞ্চলিক কার্যালয়, খাগড়াছড়ি। ব্যাংক কর্তৃপক্ষের উপরোক্ত রায়ের মর্মানুযায়ী শাখা কর্তৃক তাহা বাস্তবায়নের বিষয়টি তদারকি করার জন্য অনুরোধ করা হইল।
- ১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, খাগড়াছড়ি। শাখা পরিদর্শনকালে এতদ্বিষয়ক রায় শাখা কর্তৃক যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি যাচাইকরণের জন্য অনুরোধ করা হইল।
- ১৩। ব্যবস্থাপক, বিকেবি, খাগড়াছড়ি শাখা, খাগড়াছড়ি। উপরোক্ত কর্তৃপক্ষীয় রায় মোতাবেক জনাব মোঃ নুরুল আকতার এর প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৬,০৫০/- (ছয় হাজার পঞ্চাশ) টাকা এককালীন কর্তনের ক্রেডিট এ্যাডভাইস প্রাপ্তির পর তাহা শাখার পুনঃভরন না পাওয়া সংশ্লিষ্ট সঞ্চয়পত্রের বিপরীতে সমন্বয় করিবার জন্য অনুরোধ করা হইল।
- ১৪। নথি/মহানথি/মূলনথি।


(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক